

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

ঢাকা

নং-১৯.২২.০০১১.০০৬.০৩.০০১.১৪-৭৩২

২৪ অক্টোবর ২০১৭

প্রেরক : মোঃ বাকী বিল্লাহ
সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোহাম্মদ নাহিদ ইসলাম
মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ২৬ অক্টোবর ২০১৭ তারিখে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিতব্য থাইল্যান্ডের প্রয়াত রাজা ভূমিবল আদুলাইয়াদেজ-এর আনুষ্ঠানিক অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগদানের লক্ষ্যে জনাব মোহাম্মদ নাহিদ ইসলাম, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর থাইল্যান্ড সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,


নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২৬ অক্টোবর ২০১৭ তারিখে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিতব্য থাইল্যান্ডের প্রয়াত রাজা ভূমিবল আদুলাইয়াদেজ-এর আনুষ্ঠানিক অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগদানের লক্ষ্যে জনাব মোহাম্মদ নাহিদ ইসলাম, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর থাইল্যান্ড সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করছে।

০২। উক্ত অনুষ্ঠানে যোগদানের জন্য আগামী ২৫ অক্টোবর ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে আপনি ঢাকা ত্যাগ করবেন এবং ২৭ অক্টোবর ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

০৩। আলোচ্য সফরের সমুদয় ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

০৪। উক্ত অনুষ্ঠানে যোগদানকাল সরকারি কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।

০৫। এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৪/১০/২০১৭
(মোঃ বাকী বিল্লাহ)
সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া)
ফোনঃ ৯৫৬৯৩৭৪
ই-মেইলঃ sea@mofa.gov.bd

নং-১৯.২২.০০১১.০০৬.০৩.০০১.১৪-

২৪ অক্টোবর ২০১৭

অনুলিপিঃ সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/ এসএমও/ এফএসও/ সংস্থাপন/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী/ সহকারী সচিব (বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব, আইসিটি, পররাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক, থাইল্যান্ড।
- ৭। অফিস কপি।


২৪/১০/২০১৭
(মোঃ বাকী বিল্লাহ)
সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া)